



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স : ০২ ৯২৯১০৫০
Mail: pr@nu.edu.bd

তারিখ : ০১/০৮/২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

ভারতের বিশ্বভারতী এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

আজ ১লা আগস্ট জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে ভারতের বিশ্বভারতী এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্রে উভয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের সংযুক্ত করে পারস্পরিক সহযোগিতা, উদ্যোগ ও বিনিময়ের লক্ষ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

পাঁচ বছর মেয়াদী এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. বিদ্যুৎ চক্রবর্তী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। মেয়াদান্তে উভয় বিশ্ববিদ্যালয়ের সম্মতিতে এ সমঝোতা স্মারকের সময় বর্ধিত করার ব্যবস্থা রয়েছে।

সমঝোতা স্মারকটি স্বাক্ষরকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান, কোষাধ্যক্ষ প্রফেসর মো. নোমান উর রশীদ, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন এবং জনসংযোগ দপ্তরের পরিচালক ফয়জুল করিম উপস্থিত ছিলেন।



(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়